সিনিয়র সিস্টেম এনালিস্ট
সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
প্রোগ্রামার
মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
সঃমেঃ ই-১/ সঃমেঃই-২
নথি
ডাইরি নং...................
তারিখ...................

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৬০৫.২৫.০২৫.২০-৭৮২

তারিখ: ০৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর অধীন ০৬ (ছয়) মাস মেয়াদে ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি প্রকাশ সংক্রান্ত

ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর অধীন ২০২৪-২০২৫ অর্থবছরে ০৬ (ছয়) মাস মেয়াদে ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে- ০২ (দুই) পাতা

22/12/2025

**(এ, কে, এম, খায়রুল আলম)**
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
ফোন: ৮৮-০২-৫৫৬৬৯০১২
ই-মেইল: directoradmin@dmtcl.gov.bd

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে**

১। ন্যাশনাল কনসালটেন্ট, এটুআই, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা (তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি বাংলাদেশ জাতীয় তথ্য বাতায়ন-এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় (তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)
৩। সিস্টেম এনালিস্ট, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (তাঁকে সংযুক্ত বিজ্ঞপ্তিটি ডিএমটিসিএল-এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল)
৪। অফিস কপি
৫। মাস্টার কপি



CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ রোড
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৬০৫.২৫.০২৫.২০(অংশ-১)-৭৮২

তারিখ: ০৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি

ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর আওতায় ২০২৫-২৬ অর্থবছরে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর অধীন ০৬ (ছয়) মাস মেয়াদে ০২ (দুই) জনকে ইন্টার্নশিপ প্রদান করা হবে। ইন্টার্নশিপ গ্রহণের জন্য আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা হল:

০১। এই ইন্টার্নশিপ নিম্নবর্ণিত বিষয় সংশ্লিষ্ট হবে:
(ক) Automatic Fair Collection (AFC), Telecom, Signaling and Platform Screen Door (PSD); এবং
(খ) Super-Structure of Viaduct and its Components.

০২। আবেদনের যোগ্যতা:
(ক) আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে;
(খ) যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (ICT), ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (EEE), সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতক/স্নাতকোত্তর/সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা অবতীর্ণ (Appeared) হতে হবে। অবতীর্ণ প্রার্থীগণকে পরীক্ষায় অবতীর্ণ মর্মে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;
(গ) স্নাতক/স্নাতকোত্তর/সমমান ডিগ্রি অর্জনের দুই (০২) বছরের মধ্যে আবেদন করতে হবে; এবং
(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অধীন একজন প্রার্থী শুধু একবার ইন্টার্নশিপ করতে পারবেন।

০৩। কোনো আবেদনকারী অন্য কোনো কর্মে নিয়োজিত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে;

০৪। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর অনুচ্ছেদ ১২(গ) অনুযায়ী নির্বাচিত প্রার্থীকে একটি ঘোষণাপত্র ও একটি চুক্তিপত্র স্বাক্ষর করতে হবে;

০৫। ইন্টার্নশিপ চলাকালীন মাসিক ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে। 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না;

০৬। ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর MRT Training Center এর আওতায় নির্ধারিত একজন সুপারভাইজারের অধীন ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে;

০৭। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ অনুযায়ী 'ইন্টার্নশিপ ভাতা' প্রাপ্তির জন্য প্রার্থীকে প্রতিমাসে সুপারভাইজারের নিকট থেকে সন্তোষজনক কর্মকালের প্রত্যয়ন দাখিল করতে হবে;

০৮। ইন্টার্নশিপ চলাকালীন ইন্টার্ন 'কর্মে নিয়োজিত রয়েছেন' মর্মে কোনোরূপ প্রত্যয়ন প্রদান করা হবে না। তবে সফলভাবে ইন্টার্নশিপ সম্পন্ন করার পর ইন্টার্নকে সনদ প্রদান করা হবে;

০৯। ইন্টার্নশিপ সনদ কোনোভাবেই কোনো প্রতিষ্ঠানে স্থায়ী, অস্থায়ী বা অন্য কোনো প্রকার চাকরির ক্ষেত্রে প্রাধিকার/অগ্রাধিকার হিসেবে গণ্য হবে না;

১০। কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে প্রাথমিক বাছাইয়ের পর সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীগণকে লিখিত বা মৌখিক বা উভয় প্রকার পরীক্ষায় অংশগ্রহণের জন্য আহ্বান করতে পারবে;

১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত বা মৌখিক পরীক্ষার তারিখ ও সময় প্রার্থীর ই-মেইল/ডাকযোগে/মোবাইলে জানানো হবে;

১২। লিখিত বা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না;

১৩। ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর শর্তানুযায়ী প্রার্থী ইন্টার্নশিপ সমাপনান্তে ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) বা এর আওতায় বাস্তবায়নাধীন কোনো প্রকল্পে বা অন্য কোনো সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ প্রাপ্তির দাবি করতে পারবেন না;

১৪। নির্বাচিত প্রার্থীকে ইন্টার্নশিপ নীতিমালা ২০২৩ এর সকল শর্ত, অফিস ব্যবস্থাপনা ও সরকারি গোপনীয়তা সংক্রান্ত দেশে প্রচলিত সকল আইন ও বিধিবিধান প্রতিপালন করে ইন্টার্নশিপ সম্পন্ন করতে হবে;

১৫। ইন্টার্নশিপ গ্রহণে আগ্রহী প্রার্থীগণকে ডিএমটিসিএল এর ওয়েবসাইট www.dmtcl.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে যথাযথভাবে পূরণকরতঃ প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্তপূর্বক আবেদনপত্র আগামী ০৫ জানুয়ারি ২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, মেট্রোরেল ভবন, লেভেল-০৫,এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ রোড, সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০** -এর বরাবরে পৌছাতে হবে। **নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;** এবং

১৬। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং এক সেট ফটোকপি জমা দিতে হবে।

22/12/25

**(এ, কে, এম, খায়রুল আলম)**
পরিচালক (প্রশাসন)
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড

CamScanner

# ইন্টার্নশিপ এর আবেদন ফরম

সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি

বরাবর

**ব্যবস্থাপনা পরিচালক**
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
মেট্রোরেল ভবন
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০

**বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর অধীন ইন্টার্নশিপ এর জন্য আবেদন**

| | | | |
|---|---|---|---|
| ১. | বিজ্ঞপ্তির স্মারক নম্বর: ৩৫.০৫.০০০০.৬০৫.২৫.০২৫.২০(অংশ-১)- | তারিখ: | দি ন মা স ব ৎ স র |
| ২. | প্রার্থীর নাম: | বাংলায়: | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | |
| ৩. | জাতীয় পরিচয়পত্রের নম্বর | | |
| ৪. | জন্ম তারিখ: | | ৫. জন্মস্থান (জেলা): |
| ৬. | মাতার নাম: | | |
| ৭. | পিতার নাম: | | |
| ৮. | বর্তমান ঠিকানা | | স্থায়ী ঠিকানা |
| ৯. | যোগাযোগ: | মোবাইল নম্বর: | ই-মেইল: |
| ১০. | জাতীয়তা: | ১১. | জেন্ডার: |
| ১২. | ধর্ম: | ১৩. | পেশা (যদি থাকে): |

**১৪. শিক্ষাগত যোগ্যতা**

| পরীক্ষার নাম | বিভাগ/বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | সিজিপিএ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

১৫. অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে):

১৬. যে বিষয়ে ইন্টার্নশিপ করতে ইচ্ছুক:

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সত্য। মৌখিক পরীক্ষার সময় আবেদনপত্রে উল্লিখিত সকল তথ্যের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রের মূলকপি প্রদর্শন করব এবং এক সেট সত্যায়িত ফটোকপি জমা দিব। কোনো তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

আবশ্যিক সংযুক্তি:
(ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি;
(খ) সকল শিক্ষাগত যোগ্যতার মার্কশিটের ফটোকপি; এবং
(গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

| তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | প্রার্থীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | |

CamScanner